

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বস্ত্র অধিদপ্তর  
বস্ত্র ও পাট মন্ত্রণালয়  
বিটিএমসি ভবন (১০ম তলা), ৭-৯,  
কাওরান বাজার, ঢাকা-১২১৫।  
www.dot.gov.bd

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.০০৩.৯৯.০০০৩.২৬.১৩

তারিখ: ০৮-০২-২০২৬খ্রি:।

বিষয়: সানরাইজ নীটওয়্যারস লি: নামক কারখানার অনুকূলে ৫ম শ্রেণীর ১ম এডহক শিল্প আই আর সি জারির সুপারিশ প্রসঙ্গে।


সূত্র: কারখানা কর্তৃপক্ষের আবেদন পত্র নং-১০৯, তারিখ ২৭-০১-২০২৬ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সানরাইজ নীটওয়্যারস লি:, অফিস: হাউজ-৩৯৩, রোড নং-২৯ নিউ ডিওএইচএস, মহাখালী, ঢাকা-১২০৬ ও কারখানা: চৌধুরী পাড়া, দক্ষিণ সালনা, পো: সালনা-১৭০৩, গাজীপুর-১৭০৩ নামক কারখানাটি বস্ত্র অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত। উক্ত প্রতিষ্ঠানের নিবন্ধন নম্বর আরএমজি/ইএক্সপি/এল/০০০১৪৫৫-২৬, তারিখ: ০১-০১-২০২৬ খ্রি: এবং শিল্প উপ-খাত: তৈরী পোশাক (নীট ও ওভেন)। কারখানা কর্তৃপক্ষ কাঁচামাল আমদানির লক্ষ্যে কারখানার অনুকূলে ৫ম শ্রেণীর ১ম এডহক শিল্প আই আর সি জারির সুপারিশ পত্রের জন্য এ অধিদপ্তরে আবেদন করেন। আবেদনের প্রেক্ষিতে দাখিলকৃত কাগজ পত্রাদি অত্র অধিদপ্তরে পরীক্ষা-নিরীক্ষার পর এড-হক ভিত্তিতে কাঁচামাল আমদানির লক্ষ্যে কারখানার অনুকূলে ষান্মাসিক আমদানি স্বত্ব=২,৫০,০০,০০০/ (দুই কোটি পঞ্চাশ লক্ষ) টাকা ও বার্ষিক আমদানি স্বত্ব =৫,০০,০০,০০০/- (পাঁচ কোটি) টাকা নির্ধারণ করে ৫ম শ্রেণীর ১ম এড-হক শিল্প আই আর সি জারির সুপারিশ পত্র প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। ১০০% রপ্তানিমুখী বস্ত্রশিল্প হিসেবে প্রতিষ্ঠানটির কাঁচামাল ও মোড়ক সামগ্রী আমদানির ক্ষেত্রে আমদানি নীতি আদেশ, ২০২১-২০২৪ এর বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে।

২। উপর্যুক্ত সিদ্ধান্তের আলোকে বর্তমান আমদানি নীতি আদেশ এবং অন্যান্য সরকারি বিধিবিধান প্রতিপালন সাপেক্ষে সানরাইজ নীটওয়্যারস লি: নামক বস্ত্র শিল্প প্রতিষ্ঠানটির অনুকূলে ষান্মাসিক আমদানি স্বত্ব=২,৫০,০০,০০০/- (দুই কোটি পঞ্চাশ লক্ষ) টাকা ও বার্ষিক আমদানি স্বত্ব=৫,০০,০০,০০০/- (পাঁচ কোটি) টাকা নির্ধারণ করে ৫ম শ্রেণীর ১ম এড-হক শিল্প আই আর সি প্রদানের জন্য নির্দেশক্রমে সুপারিশ করা হলো।

৩। উল্লেখ্য যে, এ সুপারিশ উক্ত প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষ-কে আইনগত কোন দায়মুক্তি প্রদান করবে না।

সংযুক্তি: বর্ণনামতে।



০৮-০২-২০২৬

মোহাম্মদ আলম রেজা

উপ পরিচালক (উন্নয়ন)

প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসিটাওয়ার), ১৬ তলা ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.০০৩.৯৯.০০০৩.২৬.১৩(৫)

তারিখ: ২৫ মাঘ ১৪৩২  
০৮ ফেব্রুয়ারি ২০২৬

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- (১) নিয়ন্ত্রক (চলতি দায়িত্ব), আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর
- (২) এসিস্টেন্ট মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার, বস্ত্র অধিদপ্তর
- (৩) সহকারী পরিচালক, ওয়ানস্টপ সার্ভিস কেন্দ্র, বস্ত্র অধিদপ্তর, ঢাকা।
- (৪) কমিশনার কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা ( উত্তর) প্লট নং-২, গরীব-ই -নেওয়াজ এভিনিউ, সেক্টর-১৩, উত্তরা ঢাকা।
- (৫) ব্যবস্থাপনা পরিচালক, অফিস: হাউজ-৩৯৩, রোড-২৯ নিউ ডিওএইচএস, মহাখালী, ঢাকা-১২০৬ ও কারখানা: চৌধুরী পাড়া, দক্ষিণ সালনা, পো: সালনা-১৭০৩, গাজীপুর-১৭০৩।



A handwritten signature in black ink, positioned above the name.

মৃত্যঞ্জয় কুমার মহন্ত  
সহকারি পরিচালক